বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানি লিমিটেড (বিএসসিসিএল)
রহমান'স রেগনাম সেন্টার (৮ম ও ৯ম তলা)
১৯১/বি, তেজগাঁও-গুলশান লিংক রোড, ঢাকা-১২০৮।
ফোন: ৮৮-০২-৮৮৭৯১৯২, ৮৮৭৯১৯৪, ফ্যাক্স: ৮৮-০২-৮৮৭৯১৯৩
ওয়েব সাইট: www.bsccl.com

**বিষয়ঃ ১০ম বার্ষিক সাধারণ সভার নোটিশ।**

এতদ্বারা বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানি লিমিটেড (বিএসসিসিএল) এর সকল শেয়ারহোল্ডারগণকে জানানো যাচ্ছে যে, কোম্পানীর ১০ম বার্ষিক সাধারণ সভা ৮ই নভেম্বর ২০১৮ খ্রিঃ রোজ বৃহস্পতিবার, সকাল ১১:০০ ঘটিকায় ট্রাস্ট মিলনায়তন, ৫৪৫, পুরাতন বিমান বন্দর রোড, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২১৬, বাংলাদেশ -এ অনুষ্ঠিত হবে। সভায় নিম্নোক্ত বিষয়সমূহে সিদ্ধান্ত গৃহীত হবেঃ

সাধারণ কার্যাবলী;

| | | |
|---|---|---|
| আলোচ্য সূচী # | ১ | ৩০শে জুন, ২০১৮খ্রিঃ তারিখে সমাপ্ত অর্থ বছরের নিরীক্ষিত আর্থিক বিবরণী ও পরিচালনা পর্ষদের প্রতিবেদন বিবেচনা ও গ্রহণ। |
| আলোচ্য সূচী # | ২ | ৩০শে জুন, ২০১৮ খ্রিঃ তারিখে সমাপ্ত অর্থ বছরের জন্য লভ্যাংশ ঘোষণা। |
| আলোচ্য সূচী # | ৩ | কোম্পানির সংঘবিধির বিধি নং- ১২০, ১২১ ও ১২২ অনুসারে পরিচালক নির্বাচন। |
| আলোচ্য সূচী # | ৪ | ২০১৮-২০১৯ অর্থ বছরের জন্য কোম্পানির বিধিবদ্ধ নিরীক্ষক নিয়োগ ও নিরীক্ষকের সম্মানী নির্ধারণ। |
| আলোচ্য সূচী # | ৫ | ২০১৮-২০১৯ হিসাব বছরের জন্য কোম্পানির কর্পোরেট গর্ভনেন্স কোড কমপ্লায়েন্স নিরীক্ষক নিয়োগ ও নিরীক্ষকের সম্মানী নির্ধারণ। |

সকল শেয়ারহোল্ডারগণকে উক্ত বার্ষিক সাধারণ সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

**পরিচালনা পর্ষদের নির্দেশক্রমে**

মোঃ আব্দুস সালাম খাঁন, এফসিএস
কোম্পানি সচিব
ফোনঃ ৮৮৭৯২৪০
ই-মেইল: salam_bsccl@yahoo.com

২২শে অক্টোবর, ২০১৮ খ্রিঃ।

**বিশেষ দ্রষ্টব্যঃ**

- যে সকল শেয়ারহোল্ডারগণের নাম রেকর্ড ডেট তথা ১৮ অক্টোবর, ২০১৮ খ্রিঃ তারিখে কোম্পানিতে সংরক্ষিত শেয়ার রেজিষ্ট্রার অথবা ডিপজিটরী রেজিষ্ট্রারে লিপিবদ্ধ হবে, উক্ত শেয়ারহোল্ডারগণ বার্ষিক সাধারণ সভায় উপস্থিতির ও লভ্যাংশ প্রাপ্তির অধিকারী হবেন।
- বার্ষিক সাধারণ সভায় উপস্থিতির অধিকারী শেয়ারহোল্ডারগণ তার পক্ষে ভোট প্রদানের জন্য প্রক্সি নিয়োগ করতে পারেন। উল্লেখ্য যে, প্রক্সি নিয়োগের জন্য বার্ষিক প্রতিবেদনের সাথে প্রেরিত প্রক্সি ফরম যথাযথভাবে পূরণ করে এবং প্রযোজ্য রেভিনিউ ষ্ট্যাম্প সংযুক্ত করে সাধারণ সভা শুরু হওয়ার ন্যূনতম ৭২ ঘন্টা পূর্বে কোম্পানির নিবন্ধিত কার্যালয়ে প্রেরণ করতে হবে।
- সম্মানিত শেয়ারহোল্ডারগণ নোটিশ এর সহিত প্রেরিত উপস্থিতি পত্র প্রদর্শনপূর্বক উক্ত বার্ষিক সাধারণ সভায় উপস্থিত থাকিতে পারিবেন।
- বাংলাদেশ সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর ২৪ অক্টোবর ২০১৩-এ জারীকৃত নোটিফিকেশন নং-SEC/CMRRCD/2009-193/154 এর নির্দেশনা অনুসারে শেয়ারহোল্ডারগণকে লভ্যাংশ ব্যতীত উক্ত সাধারণ সভায় কোন প্রকার নগদ/উপহার প্রদান করা হবে না।
- কোম্পানির শেয়ারহোল্ডারগণকে ৩১শে অক্টোবর, ২০১৮খ্রিঃ তারিখের মধ্যে লিখিতভাবে কিরূপে লভ্যাংশ গ্রহণ করতে আগ্রহী তা বিএসসিসিএল কর্তৃপক্ষকে অবহিত করতে অনুরোধ জানানো যাচ্ছে। অন্যথায় এ বিষয়ে কোম্পানি কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে। সকল শেয়ারহোল্ডারের নিকট রেকর্ড ডেটে ডিপজিটরীতে লিপিবদ্ধ ঠিকানায় বার্ষিক প্রতিবেদন কুরিয়ার সার্ভিসের মাধ্যমে প্রেরণ করা হবে এবং উক্ত প্রতিবেদনের কপি কোম্পানির ওয়েবসাইট **www.bsccl.com** এ পাওয়া যাবে।